সংবাদ

31 MAY 2017



গতকাল ঢাকা কলেজ অডিটরিয়ামে নির্ভীক সাংবাদিক, 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানের রচয়িতা, কলেজের প্রাক্তন ছাত্র আবদুল গাফ্ফার চৌধুরীর সংবর্ধনা অনুষ্ঠানে অতিথিরা -সংবাদ

### ঢাকা কলেজে আবদুল গাফ্ফার চৌধুরীর সংবর্ধনা

# তিনি আমাদের উদ্বুদ্ধ করেছেন : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'আবদুল গাফ্ফার চৌধুরী বাঙালি জাতির জীবন্ত কিংবদন্তি। তিনি সারা জীবন মানুষের কল্যাণের জন্য কাজ করেছেন। তিনি আমাদের আলোকিত করেছেন, পথ দেখিয়েছেন এবং উদ্বুদ্ধ করেছেন।'

মন্ত্রী গতকাল ঢাকা কলেজ অডিটোরিয়ামে নির্ভিক সাংবাদিক, 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানের রচয়িতা, ঢাকা কলেজের প্রাক্তন ছাত্র আবদুল গাফ্ফার চৌধুরীর সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ঢাকা কলেজ এ সংববর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী আরও বলেন, 'আবদুল গাফ্ফার চৌধুরী রাষ্ট্রভাষা আন্দোলনের পুরোধা ব্যক্তিত্ব ছিলেন। এ সময় তিনি তার অমর গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'- রচনা করেন। যতদিন বাঙালি থাকবে, বাংলা ভাষা থাকবে- ততদিন তার এ গান-অমর হয়ে থাকবে।' লেখনীর মাধ্যমে এখনও মানুষকে উদ্বুদ্ধ করছেন উল্লেখ করে শিক্ষামন্ত্রী তার সুস্বাস্থ্য ও দীর্ঘজীবন কামনা করেন।

ঢাকা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোয়াজ্জম হোসেন মোল্লাহ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন এবং সংবর্ধনা কমিটির আহ্বায়ক প্রফেসর রেনু বালা গোপ বক্তব্য রাখেন। বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক আলমগীর মিয়া মানপত্র পাঠ করেন।

অনুষ্ঠানে গাফ্ফার চৌধুরীর সংক্ষিপ্ত জীবনী পাঠ করা হয়। শিক্ষামন্ত্রী তাকে শুভেচ্ছা স্মারক প্রদান করেন। এ সময় গাফ্ফার চৌধুরী ঢাকা কলেজে তার অধ্যয়নকালীন বিভিন্ন বিষয়ে স্মৃতিচারণ করেন।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর